গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা অফিসারের কার্যালয়
সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা
website:dss.tejgaoncircle.dhaka.gov.bd

**স্মারক নম্বর:** ৪১.০১.২৬০০.০০০.০০০.১৮.০০০১.২৬.১১৪

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাবা শারমিন আক্তার, সমাজকর্মী, কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ ব্যতিরেকে ২০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ হতে ২৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট ০৬ (ছয়) দিন কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

উল্লেখ্য যে, উক্ত সময়ে সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত ও অত্যন্ত সংবেদনশীল "ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬" কার্যক্রম চলমান থাকা সত্ত্বেও আপনি দায়িত্বে যোগদান না করে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করেছেন। আপনার এ ধরনের দায়িত্বজ্ঞানহীন ও অগ্রহণযোগ্য আচরণের ফলে সরকারি কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয়েছে, অফিসের স্বাভাবিক কর্মপরিবেশ বিঘ্নিত হয়েছে এবং সরকারের গুরুত্বপূর্ণ কর্মসূচি বাস্তবায়নে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে।

এছাড়াও, আপনার ব্যবহৃত মোবাইল নম্বরে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও আপনি কোনো কল গ্রহণ করেননি, পরবর্তীতেও কোনো প্রকার যোগাযোগ করেননি কিংবা অনুপস্থিতির কারণ অবহিত করেননি। এমনকি আপনি কোনো প্রকার ছুটির আবেদনও দাখিল করেননি। ফলে আপনার অনুপস্থিতি ইচ্ছাকৃত ও সম্পূর্ণ অননুমোদিত (Unauthorized Absence) বলে প্রতীয়মান হচ্ছে।

আপনার এহেন আচরণ সরকারি কর্মচারীর জন্য সম্পূর্ণরূপে অশোভন, দায়িত্বপরিপন্থী এবং সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর সুস্পষ্ট লঙ্ঘন।
এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রশাসনিক/বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার সুনির্দিষ্ট লিখিত ব্যাখ্যা এই নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৬-০৭-২০২৬
ইনসান আলী
সমাজসেবা অফিসার

উপ পরিচালক
উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

**স্মারক নম্বর:** ৪১.০১.২৬০০.০০০.০০০.১৮.০০০১.২৬.১১৪/১ (৬)

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩ / ২৬ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৪। সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৫। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
৬। সমাজসেবা অফিসার (সংযুক্ত), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

২৬-০৭-২০২৬
ইনসান আলী
সমাজসেবা অফিসার